আমাদের সময়

তারিখ ... 17 OCT 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১-৬ ...

# নকলে সহায়তায় ১০ শিক্ষার্থী ও ৮ শিক্ষক বহিষ্কার

নিজস্ব প্রতিবেদক, ভোলা •

ভোলার দৌলতখানে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) পরীক্ষায় নকলের দায়ে ১০ শিক্ষার্থী এবং নকলে সহযোগিতা করায় ৮ শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

গতকাল শুক্রবার বাউবির এইচএসসি ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র পরীক্ষা চালাকালে তাদের বহিষ্কার করা হয়। এ ছাড়া দায়িত্ব অবহেলার অভিযোগে পরীক্ষার কেন্দ্র সচিব ও বাউবির সহ-পরিচালকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে চিঠি দেওয়া হয়েছে।

দৌলতখান উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মুস্তাফিজুর রহমান বহিষ্কারের এ আদেশ দেন। সংশ্লিষ্টরা জানান, সকালে দৌলতখানের বাংলাবাজার এলাকার হালিমা খাতুন মহিলা ডিগ্রি কলেজে ইংরেজি প্রথম পত্র বিষয়ের পরীক্ষা চলছিল। এ সময় দৌলতখানের ইউএনও মুস্তাফিজুর পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে গিয়ে নকলের মহোৎসব দেখতে পান। এতে তাৎক্ষণিক তিনি ৬ শিক্ষক ও ১০ শিক্ষার্থীকে বহিষ্কার করেন।

একই কেন্দ্রে বিকালে ইংরেজি দ্বিতীয় পত্র পরীক্ষায় বোর্ডে প্রশ্নের উত্তর লিখে দেওয়ার অভিযোগে ২ শিক্ষককে বহিষ্কার করা হয়।

দৌলতখান উপজেলা নির্বাহী কর্মকর্তা মুস্তাফিজুর রহমান বলেন, কেন্দ্র সচিব ও প্রধান শিক্ষক নূরে আলম এবং বরিশাল অঞ্চলের বাউবির সহকারী পরিচালক ও পরীক্ষা সমন্বয়কারী আবু সাঈদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে চিঠি পাঠানো হয়েছে।